

MC

AH-III/BENH/CC-VII/23

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-VII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

২×১০=২০

- (ক) কার লেখা, কোন কাব্যের আদর্শে 'বীরঙ্গনা' কাব্যটির রচনা?
- (খ) "জনক জননী / ত্যজিলা শৈশবে মোরে না জানি, কি পাপে?" — বক্তা কে? তার 'জনক জননী' কে?
- (গ) "সুরবালা-মনঃ তুমি ভুলালে সহজে, / নররাজ!" — সুরবালা এবং নররাজ কে?
- (ঘ) "মহাযাত্রা করি / চলিল অভাগা জনা পুত্রের উদ্দেশে!" — কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঙ) "যদি আঞ্জা দেহ, এবে পরিচয় দিব / সংক্ষেপে।" — সংক্ষেপে বক্তার পরিচয় দাও।
- (চ) "কৌতুক বড় বাড়িতেছে মনে!" — কার, কেন কৌতুক হচ্ছে?
- (ছ) "কুলাচার্য্য তিনি কু-কুলের?" — কুলাচার্য্যটি কে? 'কু-কুল' বলতে কী বোঝানো হয়েছে?
- (জ) "দাঁড়াও হৃদয়েশ্বরী / ত্রিভুবন আলো করি, / দু'নয়ন ভারি ভারি দেখিব তোমায়!" — কথাগুলির প্রসঙ্গ বুঝিয়ে দাও।
- (ঝ) 'সারদামঙ্গল' কাব্যটি প্রথম কোন পত্রিকায় এবং কবে প্রকাশিত হয়?
- (ঞ) 'সারদামঙ্গল' কাব্যের আখ্যাপত্রে উল্লিখিত শ্লোকটির অর্থ লেখো।
- (ট) "সহসা ললাটভাগে, জ্যোতিস্ময়ী কন্যা জাগে।" — 'জ্যোতিস্ময়ী কন্যা'টি কে? কার ললাটে তার আবির্ভাব হয়েছে?
- (ঠ) "মহান উদার সৃষ্টি প্রকৃতি তোমার।" — কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ড) "বিচিত্র গগন-ফুল-কল্পনা-লতার" — চরণাংশটি 'সারদামঙ্গল' কাব্যের কোন্ সর্গে আছে? কথাটি কোন্ প্রচলিত প্রবচনের কাব্যরূপ?
- (ঢ) "তোমা হারা হলে আমি প্রাণহারা হই।" — বক্তা কে? তিনি কেন এমন কথা বলেছেন?
- (ণ) "সে শোক সঙ্গীত কথা / শুনে কাঁদে তরু-লতা" — এখানে কোন শোক সংগীতের কথা বলা হয়েছে?

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫×৪=২০

- (ক) “কিঙ্করী করিয়া মোরে রাখ রাজপদে!” — বক্তা কে? পত্রটিতে বিবৃত তার প্রেমিকাসত্তার পরিচয় দাও।
- (খ) বীরাঙ্গনা নায়িকারা পৌরাণিক হলেও তারা সকলেই আধুনিক জীবনবোধে সম্পৃক্ত। — এই মন্তব্যের আলোকে সূৰ্পনখা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) উর্বশীর পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? পত্রিকাটি অবলম্বনে উর্বশী কোন কোন দিক দিয়ে বীরাঙ্গনা চরিত্র হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও।
- (ঘ) ‘সারদামঙ্গল’ কাব্যে যে ত্রিবিধ বিরহের কথা আছে, সংক্ষেপে সেই ত্রিবিধ বিরহের পরিচয় দাও।
- (ঙ) ‘সারদামঙ্গল’ কাব্যের কোন সর্গে নন্দন কাননের বর্ণনা আছে? কাব্যে বর্ণিত নন্দন কাননের বর্ণনা তুলে ধরো।
- (চ) ‘সারদামঙ্গল’ কাব্যটির নামকরণে ‘মঙ্গল’ শব্দটি সংযুক্তির তাৎপর্য বুঝিয়ে দাও।

৩. নীচের প্রশ্ন দুটির উত্তর দাও।

১০×২=২০

- (ক) ‘বীরাঙ্গনা কাব্য’-র নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা,

‘সোমের প্রতি তারা’—পত্রিকাটি কাব্যের কত সংখ্যক পত্রিকা? তারার প্রেমে রয়েছে প্রথানুগত্যের বিরুদ্ধে তীব্র বিদ্রোহ। — মন্তব্যটির আলোকে তারা চরিত্রটি বিশ্লেষণ করো।

- (খ) ‘বিহারীলাল যত বড় ভাবুক তত বড় কবি ছিলেন না।’— ‘সারদামঙ্গল’ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

অথবা,

‘সারদামঙ্গল’ কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে, তার স্বরূপ বিশ্লেষণ করো।